# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮১

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

---

আরবী

وَعَن عَمْرو بن أُميَّةَ أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يحتزمن كتف الشَّاة فِي يَدِهِ فَدُعِيَ إِلَى الصَّلَاةِ فَأَلْقَاهَا وَالسِّكِّينَ الَّتِي يَحْتَزُّ بِهَا ثُمَّ قَامَ فَصَلَّى وَلَمْ يتَوَضَّأ

বাংলা

৪১৮১-[২৩] ’আমর ইবনু উমাইয়াহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বকরীর কাঁধের মাংস স্বহস্তে খেতে দেখেন। এমন সময় সালাতের জন্য আহবান করা হলে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) মাংসের টুকরা এবং যে ছুরি দ্বারা কেটে খাচ্ছিলেন তা রেখে দিয়ে সালাত আদায় করলেন। অথচ তিনি (নতুনভাবে) উযূ করেননি। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ২০৮, মুসলিম (৩৫৫)-৯২, সহীহ ইবনু হিব্বান ১১৪১, তিরমিযী ১৮৩৬, ইবনু মাজাহ ৪৯০, আবূ দাঊদ ১৮৭, মুওয়াত্ত্বা মালিক ৭১, মুসনাদে আহমাদ ১৭৬১৮, সহীহ ইবনু খুযায়মাহ্ ৪১, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০৫৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّهٗ رَأَى النَّبِيَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ يَحْتَزُّ مِنْ كَتِفِ الشَّاةِ) ‘‘আমর ইবনু উমাইয়াহ্ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ছাগলের কাঁধের গোশত কেটে (খেতে) দেখেছেন।’’ এ থেকে জানা যায় যে, ছুড়ি দিয়ে গোশত কেটে খাওয়া বৈধ। ‘আল্লামা ‘আয়নী উমদাতুল কারীতে বলেছেনঃ খাওয়ার জন্য ছুড়ি দিয়ে গোশত কাটা বৈধ। অনুরূপভাবে ছুড়ি দিয়ে রুটি কেটে খাওয়াও মাকরূহ নয়। (শারহুন নাবাবী ৪র্থ খন্ড, হাঃ ৩৫৫/৯৩; তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৩৬)

(فَدُعِىَ إِلَى الصَّلَاةِ فَأَلْقَاهَا وَالسِّكِّينَ الَّتِىْ يَحْتَزُّ بِهَا) ‘‘অতঃপর তাকে সালাতের জন্য ডাকা হলে তিনি গোশতের টুকরা ও ছুড়ি রেখে দিলেন।’’

হাদীসের এ অংশ থেকে জানা যায় যে, সালাতের সময় হলে সালাত আদায় করার জন্য ইমামকে ডেকে নেয়া মুস্তাহাব। (শারহুন নাবাবী ৪র্থ খন্ড, হাঃ ৩৫৫/৯৩)

(ثُمَّ قَامَ فَصَلّٰى وَلَمْ يَتَوَضَّأْ) ‘‘অতঃপর তিনি দাঁড়িয়ে সালাত আদায় করলেন কিন্তু উযূ করলেন না।’’ হাদীসের এ অংশ থেকে জানা যায়, খাওয়ার পর উযূ করা বা হাত মুখ ধৌত করা আবশ্যক নয়। (মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ৪র্থ খন্ড, হাঃ ৩৫৫/৯৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 	 বর্ণনাকারীঃ আমর ইবনু উমাইয়াহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74904

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন